

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-১০ (মাধ্যমিক-১)
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০২.০১০.২০১৬-৪৬

তারিখ : ২৯ পৌষ, ১৪২৩
১২ জানুয়ারি, ২০১৭


অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত ২০১৭ শিক্ষাবর্ষের বিভিন্ন স্তরের পাঠ্যপুস্তকে বেশ কিছু ভুল-ত্রুটি সম্পর্কে সংবাদ মাধ্যমে রিপোর্ট প্রকাশিত হয়েছে। এ সকল রিপোর্টে উল্লিখিত বিষয়গুলো তদন্ত করে ভুল-ত্রুটির কারণ অনুসন্ধান করে দায়-দায়িত্ব নির্ধারণ করার জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো :

- | | |
|---|------------|
| ১. বেগম রুহী রহমান, অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২. জনাব মাহমুদুল ইসলাম, যুগ্মসচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৩. ড. তরুন কান্তি শিকদার, যুগ্মসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৪. প্রফেসর মো: এলিয়াছ হোসেন, পরিচালক (মাধ্যমিক), মা.উ.শি. অধিদপ্তর | সদস্য-সচিব |

কমিটির কার্য পরিধি :

১. কমিটি ২০১৭ সালের পাঠ্যপুস্তকে যে সকল ভুল-ত্রুটি বা অসঙ্গতি পাওয়া গেছে এর জন্য দায়ী ব্যক্তিদের চিহ্নিত করে ০৭(সাত) কার্য দিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে;
২. ভবিষ্যতে পাঠ্য পুস্তক ভুল-ত্রুটি মুক্ত করার জন্য কমিটি সুপারিশ প্রদান করতে পারবে; এবং
৩. প্রয়োজনে কমিটি অতিরিক্ত সদস্য কো-অপ্ট করতে পারবে।



(আবু কায়সার খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৬৭৮০

বিতরণ :

১. বেগম রুহী রহমান, অতিরিক্ত সচিব (সরকারি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. জনাব মাহমুদুল ইসলাম, যুগ্মসচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় সদস্য
৩. ড. তরুন কান্তি শিকদার, যুগ্মসচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রফেসর মো: এলিয়াছ হোসেন, পরিচালক (মাধ্যমিক), মা.উ.শি. অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৪. অতিরিক্ত সচিব (মাধ্যমিক/সরকারি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।